

সমাপনীর দ্বিতীয় দিনে অনুপস্থিত দেড় লাখ পরীক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক

১৯ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ নভেম্বর ২০১৯ ০০:৪৯



আমাদের সময়

প্রাথমিক ও এবতেদায়ি সমাপনী পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল বাংলা পরীক্ষায় অনুপস্থিত ছিল ১ লাখ ৪৫ হাজার ৫১৮ শিক্ষার্থী। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে অনুপস্থিত ছিল ৯৮ হাজার ৯১০ জন এবং এবতেদায়ি সমাপনীতে অনুপস্থিত ৪৬ হাজার ৬০৮ জন। এ ছাড়া এবতেদায়িতে বহিষ্কার হয়েছে ৪ শিক্ষার্থী। প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের পরীক্ষা নিয়ন্ত্রণ কম্প্লেক্সের প্রতিবেদনে এসব তথ্য পাওয়া গেছে।

প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, প্রাথমিক সমাপনীর বাংলা পরীক্ষায় ঢাকা বিভাগে অনুপস্থিত ছিল ২৮ হাজার ১৬৭ জন, চট্টগ্রামে ১৭ হাজার

৯২৪, রাজশাহীতে ৯ হাজার ৪৪৬, বরিশালে ৫ হাজার ২১১, সিলেটে ৯ হাজার ১৬১, রংপুরে ১৩ হাজার ৯২২ এবং ময়মনসিংহে ১০ হাজার ৩৭৬ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিল। এ ছাড়া দেশের বাইরে ৪৪ শিক্ষার্থী অনুপস্থিত ছিল।

এবতেদায়ি পরীক্ষায় রাজশাহীতে ৪ হাজার ৭৮৫ জন, খুলনায় ৪ হাজার ২১৪, ঢাকায় ৬ হাজার ৮৫৩, চট্টগ্রামে ৯ হাজার ১৯৪, বরিশালে ৬ হাজার ৫৪৬, সিলেটে ১ হাজার ৯৯০, রংপুরে ৭ হাজার ৫৭২ এবং ময়মনসিংহে ৫ হাজার ৪৫৪ শিক্ষার্থী অনুপস্থিত ছিল। এ ছাড়া রংপুর বিভাগে ৪ জনকে বহিষ্কার করা হয়েছে। advertisement